হরিণাকুন্ডুতে ভাই ভাই ক্লিনিকের মালিকের বিরুদ্ধে নার্সকে ধর্ষণের অভিযোগ থানায় মামলা

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে এক নার্সকে বিয়ের প্রলোভন দেখিয়ে দীর্ঘদিন ধরে ধর্ষণের অভিযোগ উঠেছে ভাই ভাই ক্লিনিকের মালিক আসমত আলীর বিরুদ্ধে।

বুধবার দুপুরে ওই নার্স ক্লিনিক মালিকসহ দুই জনের বিরুদ্ধে থানায় একটি ধর্ষণ মামলা করেন।

নার্স জানান, উপজেলা শহরের হাসপাতাল মোড়ে অবস্থিত ভাই ভাই ক্লিনিকে দীর্ঘ ৭ মাস যাবৎ কাজ করছেন ওই নার্স।

গত ৩ মাস ধরে ক্লিনিক মালিক আসমত আলী বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণ করেন তাকে। এক পর্যায়ে গর্ভবতী হয়ে গেলে বিয়ের জন্য চাপ দেন তিনি। এতে আসমত আলী ক্ষুব্ধ হয়ে ওঠেন এবং ১৪/১৫ দিন আগে জোরপূর্বক গর্ভপাত করান তাকে।

হরিণাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান বলেন, ওই নার্সকে ডাক্তারী পরীক্ষার জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। আসামিদের গ্রেফপ্তার করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের

ইছামতি নদী থেকে বাংলাদেশী যুবকের লাশ উদ্ধার

ঝিনাইদহের মহেশপুর উপজেলার পলিয়ানপুর সীমান্তের ইছামতি নদী থেকে এক বাংলাদেশী যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার দুপুরে তার লাশ উদ্ধার করা হয়ে। সে মহেশপুরের পলিয়ানপুর গ্রামের সবুর আলীর ছেলে হৃদয় হোসেন।

ঝিনাইদহের কোটচাদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক জানান, বুধবার সকালে মহেশপুরের পলিয়ানপুর সীমান্তের ইছামতি নদী থেকে এক বাংলাদেশেী যুবকের লাশ উদ্ধার করা হয়েছে।

সকালে নদীতে স্থানীয়রা ভাসমান লাশ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে পৌছে তার লাশ উদ্ধার করে।

মৃত হৃদয় হোসেন অবৈধভাবে ভারত থেকে ইছামতি নদী পার হয়ে বাংলাদেশে প্রবেশ করছিল।

প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে পানিতে ডুবে তার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্ত শেষে মৃত্যুর কারন জানা যাবে বলেও পুলিশ জানায়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে আলাদা সড়ক দুর্ঘটনায় ৩ জন নিহত

ঝিনাইদহের মহেশপুর ও কালীগঞ্জে আলাদা সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষার্থীসহ ৩ জন নিহত হয়েছে। বুধবার সকালে মহেশপুর উপজেলার বজরাপুর ও কালীগঞ্জ উপজেলার ঘিঘাটি গ্রামে এ দূর্ঘটন ঘটে।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস জানান, সকালে মহেশপুর উপজেলার বাজরাপুর এলাকায় আলমসাধু ও বিদ্যুতের পোল

বহনকারী ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় ঘটনাস্থলেই কামাল হোসেন নামের একজন মারা যায়।

আহত হয় আরও ৪ জন। সেখানে থেকে আহতদের উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আহতদের মধ্যে খলিলুর রহমান নামের একজনের শারীরিক অবস্থান অবনতি হলে তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হলে পথেই তার মৃত্যু হয়।

এদিকে সকালে কালীগঞ্জ উপজেলার শাহপুর ঘিঘাটি এলাকায় দ্রুতগামী মাইক্রোবাস চাপায় রনি আহম্মেদ নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

সে শাহপুর ঘিঘাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্র ছিল।

মেপ্র/ আরপি

কোটচাঁদপুর-জীবননগর সড়কে লংভেহিকেল-আলমসাধু সংঘর্ষে নিহত ১,আহত ৪

ঝিনাইদহের কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কে বিদ্যুতের পোল বোঝাই লং ভেহিকেল-আলমসাধু সংঘর্ষে ১ জন নিহত ও ৪ আলমসাধু যাত্রী আহত হয়েছেন। এদের মধ্যে গুরতর আহত দুজনকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কের বর্জাপুরে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক লংভেহিকেলের গাড়ী চালক ও হেলপার কে আটক করেছে পুলিশ।

পুলিশসূত্রে জানাযায়, বুধবার সকাল ১০টার দিকে কোটচাঁদপুর থেকে আলমসাধু বোঝাই কয়েকজন দিন মজুর জীবননগর দিকে যাচ্ছিলেন।

পথিমধ্যে বর্জাপুর নামক স্থানে বিপরীত দিক থেকে আসা পোল বোঝাই একটি লংভেহিকেল গাড়ী আলমসাধু গাড়ীকে সজোরে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই কামাল হোসেন (৩২) নামে এক দিন মজুর নিহত হন। এ ঘটনায় ৪ জন আহত হয়েছে।

স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। এদের মধ্যে দুজনার অবস্থার অবনতি হলে তাদেরকে যশোর জেনারেল হানসপাতালে রেফার্ড করা হয়।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মোর্শেদ হোসেন খাঁন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় ঘাতক গাড়ী এবং চালক ও হেলপারকে আটক করা হয়েছে।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –
আর্থ সামাজিক উন্নয়নের অংশিদার হতে চায় গাংনীর সন্ধানী সংস্থা

ঝিনাইদহে কৃষকের ধান বিক্রির চেক ছিনতাইয়ে বাঁধা দেওয়ার বাড়ী-ঘর ভাংচুর

অভ্যন্তরীণ আমন ধান সংগ্রহে সরকার সচ্ছতা নিশ্চিত করতে কৃষকের এ্যাপসের মাধ্যমে ধান সংগ্রহ করছে। সারাদেশের ১৬ টি উপজেলার মধ্যে ঝিনাইদহ সদর উপজেলা এ কর্মসূচীর একটি মডেল। সদর উপজেলার ২১’শ ২৮ জন কৃষককে এ্যাপসের মাধ্যমে লটারী করে নির্বাচিত করা হয়। যারা সরাসরি গুদামে ধান দিবেন ও কৃষকের নিজের ব্যাংক হিসাব থেকে টাকা উত্তোলন করবেন।

এরপরও যেন থেমে নেই মধ্যস্বত্তভোগীদের দৌরাত্বা। প্রকৃত কৃষককে ব্যাংকে নিয়ে তার কাছ থেকে জোরপুর্বক চেক স্বাক্ষর করিয়ে নেওয়া হচ্ছে। সোমবার এমনই একটি ঘটনা ঘটেছে সদর উপজেলার সুরাট ইউনিয়নে। চেক ছিনতাইয়ে বাঁধা দেওয়ার অপরাধে সাবেক এক ছাত্রলীগ নেতার বাড়ী

ভাংচুর ও লুটপাট করা হয়।

জানা যায়, সোমবার বিকেলে চুটলিয়া গ্রামের নির্বাচিত কয়েকজন কৃষককে শহরের হামদহ পুবালী ব্যাংকে নিয়ে আসেন সুরাট ইউনিয়নের কবির হোসেন জোয়ার্দ্দার কেবির ভাই শাবু ও কল্যানপুর গ্রামের মৃত শরাফতের ছেলে জিয়া।

শাবু ও জিয়া কৃষকদের ২ হাজার টাকা ধরিয়ে দিয়ে কৃষক কার্ড ও চেকের পাতায় স্বাক্ষর করিয়ে নেওয়ার চেষ্টা করে। এসময় ছাত্রলীগের সাবেক নেতা চুটলিয়া গ্রামের হাফিজুর রহমান চঞ্চল বাঁধা দিলে উভয়ের মধ্যে বাক-বিতন্ডা হয়।

পরবর্তীতে সোমবার বিকেলে জিয়া ও শাবুর নেতৃত্বে ৪০/৫০ জন লোক মোটর সাইকেল যোগে চঞ্চলের বাড়ীতে হামলা চালায়। এসময় তারা ভাংচুর ও লুটপাট করে। এ ঘটনায় চঞ্চল বাদী হয়ে সদর থানায় একটি এজাহার জমা দিয়েছেন।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন বলেন, আমরা একটি অভিযোগ পেয়েছি। ঘটনা স্থলে পুলিশ পাঠিয়েছি। তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে মাদকসেবীর কারাদন্ড

ঝিনাইদহে কালীগঞ্জে মাদক সেবনের অভিযোগে আয়ুব হোসেন (৪৫) নামের এক মাদক সেবীকে ৫ দিনের কারাদন্ড ও ৫’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
মঙ্গলবার সকালে কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট ভুপালী সরকার এ দন্ডাদেশ প্রদাণ করেন। আদালত সুত্রে জানা যায়, মঙ্গলবার সকালে মাদক সেবন করা অবস্থায় উপজেলার বাদেডিহি গ্রাম থেকে আয়ুব হোসেনকে আটক করে জেলা

মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়ের কর্মকর্তারা। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৫ দিনের কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা করে আদালতের বিচারক।

কোটচাঁদপুরে ট্যাক্টর থেকে আঁখ টানতে গিয়ে প্রাণ গেল শিশুর

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্যাক্টর থেকে আঁখ টানতে গিয়ে ইমরান হোসেন (১০) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৮ টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে এ দূর্ঘটনা ঘটে। নিহত শিশু খুলনা জেলার পাইকগাছা থানার দেপদোয়া গ্রামের আব্দুস সালামের ছেলে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, শিশু ইমরান হোসেনের বাবা স্থানীয় মকসেদ মোড়ে রিপন বিক্সে শ্রমিকের কাজ করেন। সে বাবার সাথে ইট ভাটার পাশেই একটি ঘরে বসবাস করতেন। মঙ্গলবার সকালে শিশুটি আখঁ খাওয়ার জন্য মোবারকগঞ্জ সুগার মিলের আঁখ বোঝাই একটি ট্যাক্টরের পিছনে দৌড়াতে থাকে। এসময় গাড়ি থেকে আঁখ টানতে গিয়ে ট্যাক্টরের সাথে ধাক্কা খেয়ে মাটিতে পড়ে যায়। স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহতের পরিবারে পক্ষ থেকে কোন প্রকার অভিযোগ না থাকায় শিশুটির মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেপ্র/ ইএম

ঝিনাইদহ জেলা কারাগারে মাদক মামলার আসামীর মৃত্যু

ঝিনাইদহ জেলা কারাগারে নিজাম উদ্দিন নামে এক মাদক মামলার আসামীর মৃত্যু হয়েছে। সোমবার বিকেলে তার মৃত্যু হয়। তিনি ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর বাজার পাড়ার হিম চাঁদের ছেলে।

ঝিনাইদহ জেল সুপার গোলাম হোসেন জানান, নিজাম উদ্দিন মাদক মামলায় জেলাখানায় আটক ছিলেন। সোমবার বিকেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন।

ঝিনাইদহ সার্কেলে অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশারের যোগদান

ঝিনাইদহ সার্কেলে যোগদান করলেন চুয়াডাঙ্গা জেলা থেকে আসা অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার । তিনি ঝিনাইদহ সদর ও কালীগঞ্জ থানার (সদর সার্কেলে) অতিরিক্ত পুলিশ সুপার হিসাবে সম্প্রতি যোগদান করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া শেষ করে ৩১ তম বিসিএসের মাধ্যমে সহকারি পুলিশ সুপার হিসাবে ২০১৩ সালে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন তিনি।

তার বাড়ি খুলনা জেলার কয়রা উপজেলায়। ইতিপূর্বে তিনি ভোলা, বরিশাল ও চুয়াডাঙ্গা জেলায় সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

এই ব্যাপারে আবুল বাশার সাংবাদিকদের বলেন, ঝিনাইদহের পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান (পিপিএম) এর নির্দেশনা মোতাবেক এ জেলায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রন ও মানুষের সেবা প্রদানের জন্য কাজ করে যাব”।

কোন ধরনের অবৈধ কাজ, অস্ত্র, মাদক, নাশকতা, সন্ত্রাসসহ সকল প্রকার অপরাধ মূলক কর্মকান্ড রুখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

হরিণাকুণ্ডুতে আইন শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, নারী ও শিশু নির্যাতন বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গত সোমবার হরিণাকুণ্ডু উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, ভুমি কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, হরিনাকুন্ডু থানা অফিসার ইনচার্জ আছাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, শহিদুল ইসলাম (শিলু), কৃষি অফিসার আরশেদ আলী চৌধুরী, সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খাঁন, উপজেলা পঃপঃ কর্মকর্তা ডা. জামিনুর রশিদ সহ বিভিন্ন দপ্তর প্রধান, ফলসী ইউপি চেয়ারম্যার ফজলুর রহমান সহ বিভিন্ন ইউপি চেয়ারম্যান বৃন্দ, প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু প্রমুখ।

অনুষ্ঠানে আলোচকবৃন্দ বলেন, সমাজ থেকে মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহের বিরুদ্ধে একাত্বকতা ঘোষণা করেন এবং উপস্থিত সকলে এমন অপরাধ কে না বলি এই মর্মে অঙ্গীকার

করেন।

মেপ্র / আরপি